০৮

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং ঃ সিশিবো/বিদ্যা/হবিগঞ্জ-২১/ ১৩৬৪

তারিখঃ ০৮/০৯/১৪১৬ বাং
২২/১২/২০০৯ খ্রিঃ

বিষয় ঃ অতিরিক্ত শ্রেণী শাখা খোলার বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ-১১/৩(১০)/৯৯/২১৩, তারিখ ঃ ১০/০২/২০০৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলাধীন অগ্রণী উচ বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণী শাখা খোলার আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শনপূর্বক ৬ষ্ঠ শ্রেণীতে "গ"শাখা নামে ০১টি, ৭ম ও ৮ম শ্রেণীতে পূর্ব হতে বিদ্যমান "খ" শাখা নামে ০২টি এবং ৯ম ও ১০ম শ্রেণীতে নতুন করে "খ" শাখা নামে ০২টি শাখা সহ সর্বমোট ০৫(পাঁচ) টি অতিরিক্ত শ্রেণী শাখা খোলার পরিদর্শন প্রতিবেদন সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি ঃ (ক) প্রতিবেদন -০২ পাতা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ আব্দুল মান্নান খান) 22/12/09
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক ঃ মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি ঃ

১. জেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ।
২. প্রধান শিক্ষক, অগ্রণী উচ্চ বিদ্যালয় ,চুনারুঘাট,হবিগঞ্জ।
৩.চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনের তারিখ ঃ ৩১/১০/২০০৯ খ্রিঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ অগ্রণী উচ্চ বিদ্যালয় ,চুনারুঘাট , হবিগঞ্জ।
প্রতিষ্ঠার সন ঃ ০১/০১/১৯৭০ খ্রিঃ
বর্তমান স্বীকৃতির মেয়াদ ঃ ৩১/১২/২০১০ খ্রিঃ পর্যন্ত
এম পি ও ভূক্তির তারিখ ঃ ০১/০৬/১৯৮৪খ্রিঃ
কমিটি ধরণ ঃ শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত এডহক কমিটি বিদ্যমান।
কমিটির মেয়াদ ঃ ২৫/০২/২০১০ খ্রিঃ পর্যন্ত।

শ্রেণী ভিত্তিক শাখা ও শিক্ষার্থীর বিবরণী ঃ

শ্রেণী	শাখা	মোট শিক্ষার্থী	উপস্থিত শিক্ষার্থী	খোলার জন্য আবেদনকৃত অতিরিক্ত শাখাসমূহ	মন্তব্য
ষষ্ঠ	(ক)	১৪৩	১২৭	৬ষ্ঠ(গ)	৭০০-এর অধিক শিক্ষার্থী ভর্তির অনুমতি রয়েছে।
ষষ্ঠ	(খ)	১৬২	১৪১		
৭ম	(ক)	৭৩	৯০		
৭ম	(খ)	৯৯	৫৬	৭ম(খ)	
৮ম	(ক)	৬০	৫৭		
৮ম	(খ)	১১৫	৮৭	৮ম(খ)	
৯ম	(ক)	১৩৩	১০১	৯ম(খ)	
১০ম	(ক)	১৫৩	নির্বাচনী পরীক্ষা সম্পন্ন হয়েছে।	১০ম(খ)	
সর্বমোট	১৫	৯৩৮		০৫	

এস,এস,সি পরীক্ষার ফলাফল বিবরণী ঃ

পরীক্ষার সন	মোট পরীক্ষার্থী	পাশের সংখ্যা	পাশের হার	গড় পাশের হার
২০০৭	১২০	২৯	২৪.১৭%	৩৭.৬৬%
২০০৮	১২৬	৩৩	২৬.১৯%	
২০০৯	১০৭	৬৭	৬২.৬১%	

শিক্ষক-শিক্ষিকা ঃ ১৪জন (শিক্ষক -১১জন, শিক্ষিকা ০৬ জন) কর্মচারী -০২জন

এম পি ও ভূক্ত ঃ ০৯ জন, এম পি ও বহির্ভূত ঃ ০৫ জন

অনুমোদিত বিভাগ ঃ মানবিক ,বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা

বিদ্যালয়ের জমির পরিমান ঃ ২.৮৪ একর, প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রিকৃত।

বিদ্যালয় গৃহের বিবরণ ঃ পাকা ভবন - ০১টি ও আধা পাকা ভবন- ৪টি।

মোট আয়তন ঃ শ্রেণী কক্ষের মোট আয়তন ৯৬০০ বর্গফুট

কক্ষ সংখ্যা ঃ সর্বমোট ১৬ টি। প্রশাসনিক কক্ষ- ০১ টি, শিক্ষক মিলনায়তন-০১ টি, শ্রেণী কক্ষ-১১টি, বিজ্ঞানাগার-০১ টি, নামাজের ঘর - ০১টি, স্টোর রুম-১টি।

গ্রন্থাগার ঃ ০১টি, পুস্তক সংখ্যা - ১৮৫৬খানা

চলমান পাতা ১

আসবাব পত্র(শ্রেণী কক্ষে) ঃ ডেস্ক -২৫০ টি, বেঞ্চ - ২৫০টি, চেয়ার- ৪০টি, টেবিল - ২৫ টি, কাঠের আলমারী-১৬, ষ্টীলের আলমারী- ০৪টি, প্রত্যেক রুমে প্রয়োজনীয় লাইট ও ফ্যান রয়েছে।

কম্পিউটার ঃ ০৩টি (বিদ্যুৎ সংযোগ রয়েছে।)

টিউবওয়েল ঃ ০৩টি

টয়লেট ঃ ০৭টি (শিক্ষক -১০টি , শিক্ষার্থী -০৬টি)

মন্তব্য ঃ ঃ অতিরিক্ত শ্রেণী শাখা খোলার আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শন করা হয়। বিদ্যালয়টি হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলায় অবস্থিত। পাঠদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজন অনুযায়ী শ্রেণীকক্ষ ও আসবাবপত্র বিদ্যমান। পাঠদানের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ব্যবহার করা হয়। বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী উপস্থিতি এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফলের সংখ্যাগত ও গুণগত মান মোটামুটি সন্তোষজনক। বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ রয়েছে। শ্রেণী কক্ষে প্রয়োজনীয় সংখ্যক লাইট ও ফ্যান রয়েছে। বিদ্যালয়ে মোট শিক্ষার্থীর সংখ্যা ৯৩৮ জন। তম্মধ্যে ৬ষ্ঠ শ্রেণীতে মোট ৩০৫ জন, ৭ম শ্রেণীতে ১৭২ জন, ৮ম শ্রেণীতে ১৭৫ জন ৯ম শ্রেণীতে ১৩৩ জন এবং ১০ম শ্রেণীতে ১৫৩ জন ছাত্রী অধ্যয়নরত আছে । উল্লেখ্য যে মোট শিক্ষার্থীর প্রায় ৪০% পার্শ্ববর্তী চা বাগান সমূহের চা শ্রমিক আদিবাসীর সন্তান। শিক্ষার্থীর সংখ্যা অত্যধিক হওয়ায় এবং প্রয়োজনীয় অবকাঠামো থাকায় শিক্ষার মান উন্নয়নের স্বার্থে উক্ত বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে গ শাখা, ৭ম ও ৮ম শ্রেণীতে বিদ্যমান খ শাখা এবং ৯ম ও ১০ম শ্রেণীতে খ শাখা করে মোট ০৫(পাঁচ) টি অতিরিক্ত শ্রেণী শাখা খোলার প্রয়োজনীয়তা রয়েছে।

সুপারিশ ঃ যেহেতু উক্ত বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণী শাখার খোলার প্রয়োজনীয় শিক্ষার্থী ও অবকাঠামো রয়েছে , তাই সার্বিক বিবেচনায় শিক্ষার প্রসার এবং নিবিড়ভাবে পাঠদান কার্যক্রম সম্পাদনের জন্য উক্ত বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে “গ”শাখা নামে ০১টি, ৭ম ও ৮ম শ্রেণীতে পূর্ব হতে বিদ্যমান “খ” শাখা নামে ০২টি এবং ৯ম ও ১০ম শ্রেণীতে নতুন করে “খ” শাখা নামে ০২টি শাখা সহ সর্বমোট ০৫(পাঁচ) টি অতিরিক্ত শ্রেণী শাখা খোলার অনুমতি প্রদান করা যেতে পারে।

সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

(মোঃ আব্দুল মান্নান খান)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।